

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৪২.০১২.০০.০০.০০৭.২০১৬-৩৫৭

তারিখঃ ১১.০৪.২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহকারী অধ্যাপক পদে পদোন্নতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে নিম্নবর্ণিত বিষয় সমূহের কর্মকর্তাদের তথ্য সম্বলিত খসড়া তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ে প্রাপ্ত তালিকা ওয়েব সাইটে প্রকাশ করা হলো (File-1 ব্লাড ট্রান্সফিউশন, কার্ডিয়াক সার্জারী, কনজারভেটিভ ডেন্টিস্ট্রি, এন্ডোক্রাইনোলজি, গ্যাস্ট্রোএন্টারোলজি, হেমাটোলজি), (File-2 হেপাটোলজি, মেডিকেল অনকোলজি, নিওনেটলোজি, নেফ্রোলজি, নিউরো সার্জারী), (File-3 নিউরোলজি, অর্থোডনশিয়া, ওরাল এন্ড ম্যাক্সিলোফেশিয়াল সার্জারী), (File-4 পেডিয়াট্রিক সার্জারী, পেডিয়াট্রিক নেফ্রোলজি, পেডিয়াট্রিক হেমাটোলজি এন্ড অনকোলজি, প্রস্ট্রনটিক্স, প্লাস্টিক সার্জারী, সাইকিয়াট্রি, ফিজিক্যাল মেডিসিন), (File-5 সার্জিক্যাল অনকোলজি, থোরাসিক সার্জারী, রেডিওথেরাপি, রেডিয়েশন অনকোলজি) এবং (File-6 ইউরোলজি, ভাসকুলার সার্জারী)। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তালিকায় উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যে কোনরূপ গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে আগামী ২০/০৪/২০১৬ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। যাদের তথ্য যথাযথ রয়েছে তাদের যোগাযোগ করার প্রয়োজন নাই। উল্লেখ্য সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীসহ অন্যান্য শর্তের পাশাপাশি চাকুরিতে স্থায়ীকরণ, সিনিয়র স্কেল পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০১০ হতে ২০১৪ সাল পর্যন্ত ৫ বৎসরের এসিআর আবশ্যিক। কোর্সে থাকা কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট সময়ের জন্য এসিআরএর পরিবর্তে পিআর (প্রোগ্রেস রিপোর্ট) দাখিল করিতে হইবে।



(মইনউদ্দিন আহমদ)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৪

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (তাকে তালিকাসহ বিজ্ঞপ্তিটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।